

২০০৭

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্ত নির্দেশক

প্রথমার্ধ—৫০

১। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) কালানুক্রমিক বিন্যাসসহ রবীন্দ্রনাথের শেষপর্বের উপন্যাসগুলির বৈশিষ্ট্য চিহ্নিত করো।

(খ) বাংলা কথাসাহিত্যের ইতিহাসে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অভিনবত্ব আলোচনা করো।

(গ) বাংলা কথাসাহিত্যের ধারায় সতীনাথ ভাদুড়ীর স্থান নির্ণয় করো।

(ঘ) বাংলা ছোটগল্পের মহাশ্বেতা দেবীর বৈশিষ্ট্য ও কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) প্রথম বাংলা পারিবারিক উপন্যাসটির নাম কি? এটি কে রচনা করেন? এর প্রকাশকাল কত?

(খ) 'কৃষ্ণকান্তের উইল' কত সালে প্রকাশিত হয়? এটি কি ধরনের উপন্যাস? উপন্যাসে কৃষ্ণকান্ত কতবার উইলটি পরিবর্তন করেন?

( গ ) ঔপন্যাসিকের নাম ও প্রকাশকাল লেখো (যে কোনো দুটি) :

মাধবীলতা, কঙ্কাবতী, মাধবীকঙ্কণ।

( ঘ ) সম্পাদকের নাম লেখো (যে কোনো চারটি) :

বঙ্গবাসী, বাঙ্কব, আর্ষদর্শন. সাধারণী, পূর্ণিমা।

( ঙ ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো।

( চ ) 'তুঙ্গভদ্রার তীরে' কার লেখা? কত সালে প্রকাশিত? এটি কি ধরণের উপন্যাস?

( ছ ) বুদ্ধদেব বসুর দুটি গল্পের বই-এর নাম প্রকাশকাল সহ লেখো।

( জ ) সমালোচকেরা মানিকের ছোটগল্পগুলিকে দুটি পর্বে বিভাজিত করে থাকেন।—এ বিভাজন যুক্তিসংগত কি না সংক্ষিপ্ত মতামত দাও।

### দ্বিতীয়ার্থ—৫০

৬নং প্রশ্ন ও অন্য যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- ১। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের প্রথম পাঠে গোবিন্দলাল চরিত্রের যে পরিণতি দেখানো হয়েছিল পরবর্তীকালের পাঠে তা পরিবর্তিত হয়। এই পরিবর্তনের যৌক্তিকতা ও শিল্পসার্থকতা বিচার করো। ১৭
- ২। চেতনা প্রবাহ মূলক উপন্যাস হিসেবে 'চতুরঙ্গ'-এর সার্থকতা বিচার করো। ১৭

- ৩। ‘চরিত্রহীন’ উপন্যাসে পুরুষ-চরিত্র অপেক্ষা নারী-চরিত্র সৃষ্টিতে শরৎচন্দ্র অধিকতর দক্ষতার পরিচয় দিয়েছেন। —মন্তব্যটির সারবত্তা বিচার করো। ১৭
- ৪। বিভূতিভূষণের ‘পথের পাঁচালী’ গ্রামীণ নিম্ন-মধ্যবিত্তের স্বপ্ন গড়ার ও স্বপ্ন ভাঙার পাঁচালী।—উক্তিটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৭
- ৫। বনওয়ারী বা করালী নয়, ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের প্রকৃত নায়ক যুগ বা কাল। —মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১৭
- ৬। রবীন্দ্রনাথের ‘পোষ্টমাষ্টার’ গল্পে রতন ও পোষ্টমাষ্টারের সম্পর্কের রহস্যময়তা বিশ্লেষণ করো। ১৬

অথবা

‘দুখের দাম’ গল্পে বনফুল অবক্ষয়ের মধ্যেও মানবিকতার দীপশিখাকে অনির্বাণ দেখেছেন।—আলোচনা করো।